

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৯৯১

আগরতলা, ০৩ ডিসেম্বর, ২০২৩

**পদ্মশ্রী থাঙ্গা দার্লং-এর প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক**

প্রখ্যাত রসম বাদ্যশিল্পী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব পদ্মশ্রী থাঙ্গা দার্লং-এর প্রয়াণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘রাজ্যের জনজাতিদের চিরাচরিত সংস্কৃতির বিকাশে থাঙ্গা দার্লং ছিলেন একজন নিরলস সাংস্কৃতিক ব্যক্তিত্ব। লোকজ সংস্কৃতির বিকাশ ও চর্চার ক্ষেত্রে তাঁর উল্লেখযোগ্য অবদানের জন্য ভারত সরকার তাঁকে পদ্মশ্রী সম্মানে ভূষিত করেছে। শিল্পী থাঙ্গা দার্লং-এর প্রয়াণ রাজ্যের সংস্কৃতি জগতের এক অপূরণীয় ক্ষতি।

শোকবার্তায় মুখ্যমন্ত্রী প্রয়াত থাঙ্গা দার্লং-এর শোকসন্তপ্ত পরিবার পরিজন, শুভানুধ্যায়ী ও গুণমুগ্ধদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন এবং তাঁর বিদেহী আত্মার চিরশান্তি কামনা করেছেন।

\*\*\*\*\*